# গাজীপুর সিটি কর্পোরেশন

## নগর ভবন

### প্রশাসন শাখা

gcc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## গাজীপুর সিটি কর্পোরেশনের তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব জায়েদা খাতুন<br>মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। |
| সভার স্থান | ঃ | নগর ভবন, সম্মেলন কক্ষ, গাজীপুর সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | ঃ | ০৪.০৪.২০২৪ খ্রিঃ, রোজ বৃহস্পতিবার। |
| সভার সময় | ঃ | সকাল ১১:০০ ঘটিকা। |

**** সভায় উপস্থিত/অনুপস্থিত কাউন্সিলরবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"**
**** গৃহিত উন্নয়ন প্রকল্পের তালিকাঃ পরিশিষ্ট "খ"**

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচীর আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় ।

আলোচ্য সূচী -০১ ঃ বিগত মাসিক সভার কার্যবিবরণী অনুমোদন।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ এস এম সফিউল আজম গত কর্পোরেশন সভার কার্যবিবরণী সভায় পড়ে শুনান। | গত কর্পোরেশন সভার কার্যবিবরণী পাঠান্তে উহা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশিষ্ট বিভাগ/ শাখা |

আলোচ্যসূচী -০২ ঃ ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন সংক্রান্ত বিল ভূতাপেক্ষ অনুমোদন।

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০৩</td><td>সভাপতির অনুমতিক্রমে ৩৩নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মিজানুর রহমান তৃতীয় পরিষদের ২য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বক্তব্য প্রদান করেন। তিনি জানান যে, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক গৃহিত কর্মসূচি সংক্রান্ত বিল ভূতাপেক্ষ অনুমোদনের অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>বর্ণিত দিবসগুলো যথাযোগ্য মর্যদায় উদ্‌যাপন উপলক্ষে গাজীপুর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে নিম্নরূপভাবে বিভিন্ন কমিটি ও বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে।
<table>
<tr><th>তারিখ</th><th>সময়</th><th>কর্মসূচী</th><th>স্থান</th></tr>
<tr><td>১৭ মার্চ</td><td>সূর্যোদয়ের সাথে সাথে</td><td>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন</td><td>নগর ভবন, আঞ্চলিক কার্যালয় (সকল), বঙ্গতাজ অডিটোরিয়াম ও ওয়ার্ড কার্যালয় (সকল)</td></tr>
<tr><td></td><td>সকাল ১০.০০ টা</td><td>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ</td><td>জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর প্রাঙ্গন</td></tr>
<tr><td></td><td>বাদ যোহর/সুবিধাজনক সময়ে</td><td>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে সকল ধর্মীয় উপসনালয়ে জাতির পিতা</td><td>সিটি কর্পোরেশনে অবস্থিত সকল মসজিদ ও ধর্মীয় উপসনালয়</td></tr>
</table></td></tr>
</table>

Scanned with CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আত্মার শান্তি কামনা এবং জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে বিশেষ প্রার্থনা | |
| | | | বাদ আসর | মিলাদ ও ইফতারের আয়োজন | নগর ভবন মসজিদ |
| | | ২৫ মার্চ ২০২৪ | দুপুর ১২.০০ টা থেকে | সিটি কর্পোরেশনের মিনিপোল গুলোতে গণহত্যার ভয়াবহতা চিত্র প্রচার, ব্যানার, ফেস্টুন, বিলবোর্ড স্থাপন | সিটি কর্পোরেশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসমূহ |
| | | | বাদ যোহর/সুবিধাজনক সময়ে | ২৫শে মার্চ রাতে নিহতদের স্মরণে মসজিদসমূহে বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা | সিটি কর্পোরেশনে অবস্থিত সকল মসজিদ ও ধর্মীয় উপাসনালয় |
| | | | রাত ১০.০০ টা হতে ১০.০১ টা | ২৫ মার্চ ২০২৪ তারিখ গণহত্যা দিবস ২০২৪ উপলক্ষে গাজীপুর সিটি কর্পোরেশনের সর্বত্র রাত ১০.০০ টা হতে ১০.০১ টা পর্যন্ত ০১ (এক) মিনিট প্রতীকী ব্ল্যাক-আউট(কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) বাস্তবায়ন করতে হবে। | সিটি কর্পোরেশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসমূহ |
| | | ২৬ মার্চ ২০২৪ | সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয় পতাকা উত্তোলন | নগর ভবন, আঞ্চলিক কার্যালয় (সকল), |
| | | | সূর্যোদয়ের সাথে সাথে | শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ | শহীদ স্মৃতিস্তম্ভ, রাজবাড়ী মাঠ |
| | | | জাতীয় প্রতাকাসহ বিভিন্ন প্রতাকা দ্বারা সজ্জিত করণ | গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ | সিটি কর্পোরেশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসমূহ |
| | | | বাদ যোহর/ সুবিধাজনক সময়ে | বিশেষ মোনাজাত/প্রার্থনা | সিটি কর্পোরেশনে অবস্থিত সকল মসজিদ ও ধর্মীয় উপাসনালয় |
| | | | সন্ধ্যা হতে ভোর পর্যন্ত | আলোকসজ্জা করণ, ব্যানার ও ড্রপডাউন ব্যানার স্থাপন | নগর ভবন, আঞ্চলিক কার্যালয় (সকল) ও বঙ্গতাজ অডিটোরিয়াম |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০২ | | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক গৃহিত কর্মসূচি সংক্রান্ত বিল ভূতাপেক্ষ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

Scanned with CamScanner

**১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন কমিটি**

| ক্র: নং | নাম ও পদবী | কমিটির পদ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ হাসিবুল ইসলাম<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) (চঃ দাঃ), গাজীপুর সিটি কর্পোরেশন | আহবায়ক |
| ২. | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>৩২নং ওয়ার্ড কাউন্সিলর, গাজীপুর সিটি কর্পোরেশন | সদস্য |
| ৩. | জনাব মোসাঃ মুসফিকা হাসনীন চৌধুরী<br>প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন | সদস্য |
| ৪. | জনাব মোঃ আব্দুল হামিদ সরকার<br>বস্তি উন্নয়ন কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন | সদস্য |
| ৫. | জনাব ইঞ্জিঃ আবুল হাসেম<br>মাননীয় মেয়র মহোদয়ের প্রতিনিধি | সদস্য |
| ৬. | জনাব মোঃ গোলাম কিবরিয়া<br>হিসাবরক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন | সদস্য সচিব |

**আলোচ্যসূচী -৩ ঃ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে আলোচনাঃ-**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী [illegible] |
|---|---|---|---|
| | মেয়র মহোদয় উপস্থিত কাউন্সিলরদের ধন্যবাদ জানিয়ে সভার শুরু করেন। তিনি উপস্থিত সকল কাউন্সিলদেরকে তাদের ওয়ার্ডের বিষয়ে ইস্যু ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান। উপস্থিত কাউন্সিলরগণ মতামত উপস্থাপন করেন। সম্মানিত কাউন্সিলর জনাব মনির হোসেন, জনাব আলহাজ্ব মোঃ মিজানুর রহমান, জনাব মোঃ আনোয়ার হোসেন সরকার তার ওয়ার্ডের উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে মাননীয় মেয়র মহোদয়কে অনুরোধ জানান। কাউন্সিলর জনাব বিল্লাল হোসেন সভায় জানান যে, পর্যায়ক্রমে মহল্লা ভিত্তিক ছোট ছোট রাস্তাগুলি বাস্তবায়ন করা প্রয়োজন এবং একই সাথে বড় রাস্তাগুলোও মেরামত করা দরকার। এ বিষয়ে উপস্থিত কাউন্সিলরগণ একমত পোষন করেন।<br>**ডিপিপি বিষয়ে আলোচনাঃ** মাননীয় মেয়র মহোদয় ডিপিপি প্রকল্পগুলোর কাজের অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। উপস্থিত কাউন্সিলরগণ তাদের এলাকায় বাস্তবায়নাধীন প্রকল্পগুলোর অগ্রগতি সভায় উপস্থাপন করেন। অন্যদিকে প্রকল্প সংশ্লিষ্ট প্রকৌশলীগণ বিভিন্ন DPP এর অগ্রগতি সভায় উপস্থাপন করেন।<br>**DPP-660**<br>গাজীপুর সিটি কর্পোরেশন ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প (রাস্তা ও ড্রেন) প্রকল্পটি সংশোধিত প্রাক্কলন-৭০০.৩০ কোটি । | অন্যান্য প্রয়োজনীয় রাস্তা/ড্রেন এর একটি তালিকা সকল কাউন্সিলদেরকে জমা দেওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয় যা পরবর্তী পর্যায়ে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

আলোচ্যসূচী -৫ ঃ ডিপিপি বিষয়ে আলোচনাঃ-

| | | |
|---|---|---|
| আলোচনাঃ মাননীয় মেয়র সিটি কর্পোরেশনের চলমান ডিপিপি প্রকল্পগুলোর অগ্রগতি উপস্থাপন করার জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানান। প্রকৌশল বিভাগের উপস্থিত প্রকৌশলী সভায় জানান যে, ডিপিপি-৭০০.৩০ প্রকল্পটি ২০১৮-২০২১ পর্যন্ত বাস্তবায়নের জন্য ২০১৮ সাল ২৯.০৭.২০১৮ তারিখে একনেক থেকে অনুমোদন হয়। পরবর্তীতে ২০২৩ সালের জুন পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ থেকে প্রকল্পগুলোর কাজ শেষ করার জন্য সময় বৃদ্ধি করা হয়। কিন্তু ২০২৩ সালের জুন পর্যন্ত প্রকল্পের অগ্রগতিতে প্রায় ৯৬%। প্রকল্পটি সম্পন্নভাবে শেষ করার জন্য জুন ২০২৪ পর্যন্ত সময় একনেক থেকে অনুমোদন করা হয়েছে। এ বিষয়ে সম্মানিত কাউন্সিলরগন আলোচনায় অংশগ্রহণ করেন। কাউন্সিলরগণ সভায় জানান যে, সীমানা সংক্রান্ত জটিলতার কারণে যে সকল রাস্তার এবং ড্রেন এর আংশিক কাজ বাস্তবায়ন করা সম্ভব হয়নি সে সকল প্যাকেজের কাজগুলো জরুরী ভাবে জটিলতা নিরসন করে নির্ধারিত সময়ের মধ্যেই বাস্তবায়ন করা যেতে পারে। কাউন্সিলরগণ জানান যে, প্যাকেজগুলির কাজ জুন/২০২৪ এর মধ্যে প্রয়োজনীয় সংশোধন করে শেষ করার জন্য অনুরোধ জানান। | ১) সীমানা সংক্রান্ত জটিলতা বিষয়ক প্যাকেজগুলো কাউন্সিলরের সহযোগিতায় জরুরী ভিত্তিতে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২) ঠিকাদারের অবহেলার কারণে যে সকল প্যাকেজ সম্পন্ন করা সম্ভব হয়নি সে সকল প্যাকেজগুলো পুনঃ টেন্ডার আহবান করে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৩) সংশোধিত ডিপিপিতে অবাস্তবায়িত প্যাকেজগুলো পরীক্ষা/নিরীক্ষা পূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করার জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| ডিপিপি-১৫১০" গাজীপুর সিটি কর্পোরেশনের ১ থেকে ৫ নং জোনের অভ্যন্তরীণ রাস্তা, নর্দমা ও ফুটপাত নির্মাণ শীর্ষক প্রকল্প" এর আওতায় গৃহিত ও বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন সময়সীমা আগামী ৩০ জুন ২০২৫ খ্রি. পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। প্রকল্পের কাজ নানাবিধ সমস্যার কারণে বাস্তবায়নে দীর্ঘ সূত্রিতার সৃষ্টি হয়। বৈশ্বিক প্রাদূর্ভাব করোনা মহামারী, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, ডলার সংকটসহ নানাবিধ কারণে নির্মাণ সামগ্রীর মূল্য ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। সে প্রেক্ষাপটে চলমান কাজের চলতি বিল প্রদান না করিলে ঠিকাদার অসমাপ্ত কাজ সমাপ্ত করার জন্য কাজ চালিয়ে নিতে পারবে না বিধায় ঠিকাদারকে চলতি বিল প্রদানের প্রস্তাবনার আলোকে কর্পোরেশন সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সকল কাউন্সিলরগণ একমত পোষন করেন। | পরিক্ষা নিরীক্ষা করে ঠিকাদারের পাওনা বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ডিপিপি-৩৮২৮<br>১ম সংশোধনী-৩৮২৮-৩০ কোটি<br>প্রকৌশল বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলো প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি গত ২৫.০৬.২০১৯ তারিখে একনেক সভায় অনুমোদন হয় এবং ১৯.০৮.২০২২ তারিখে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। যার বাস্তবায়ন মেয়াদ ছিল জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ পর্যন্ত। পরবর্তীতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত মেয়াদ বর্ধিত করা হয়। সংশ্লিষ্ট প্রকল্পের ভূমি অধিগ্রহণ বাবদ প্রায় ১৭০০ কোটি টাকা এবং ক্ষতিপূরণ বাবদ ৪০০ কোটি টাকা নির্ধারিত আছে ভূমি অধিগ্রহণের বিষয়টি ভূমি অধিগ্রহণ আইন ২০১৭ এর আলোকে জেলা প্রশাসকের এখতিয়ারভুক্ত। গাজীপুর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে জেলা প্রশাসকের কার্যালয়ে অধিগ্রহণ সংক্রান্ত কাগজপত্র বিভিন্ন দপ্তরের ছাড়পত্র গত প্রায় ৩ বৎসর পূর্বেই দাখিল করা হয়েছে। অধিগ্রহণ কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য প্রায় ১১০০ কোটি টাকা জেলা প্রশাসকের একাউন্টে প্রেরণ করা হয়েছে। কিন্তু দীর্ঘ সময় অতিবাহিত হলেও জেলা প্রশাসকের কার্যালয় থেকে কাঙ্খিত সেবা গ্রহণ সম্ভব হয়নি। যার ফলে টেন্ডার করা সত্বেও দীর্ঘদিন কাজ না করার কারণে রাস্তায় যানবাহন চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। বিষয়টি স্থানীয় সরকার বিভাগের ১৩.০৪.২০২২ তারিখের স্টিয়ারিং কমিটির সভায় বিস্তারিত আলোচনান্তে ৩ সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটি গঠন করা হয়। পরবর্তীতে ১৬.১০.২০২২ তারিখ স্থানীয় সরকার বিভাগের পরিদর্শন টিম পরিদর্শন করে বাস্তবতার আলোকে প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনের আলোকে ডিপিইসি এর সভায় প্রকল্পটির যে সকল রাস্তা জনগনের চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে, সে সকল রাস্তা বর্তমান প্রশস্ততায় বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয় এবং অধিগ্রহণ প্রক্রিয়া শেষ হওয়ার সাথে সাথে অবশিষ্ট অংশের কাজ ৬০ ফুট প্রশস্ততায় সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>উপস্থিত কাউন্সিলরগণ আলোচনায় অংশগ্রহণ করে জানান যে, দীর্ঘদিন জেলা প্রশাসকের অফিস থেকে ভূমি অধিগ্রহণ প্রক্রিয়াটি সম্পন্ন না করায় জনগুরুত্বপূর্ণ উন্নয়ন ব্যহত হচ্ছে। ইহা দুঃখজনক এবং উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে অন্তরায় বলে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সম্মানিত কাউন্সিলরগন উন্নয়নের গতি ধারা বৃদ্ধির লক্ষ্যে জনস্বার্থে জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে সুসম্পর্ক বজায় রেখে দ্রুত অধিগ্রহণ কার্যক্রম সমাপ্ত করার জন্য মাননীয় মেয়র মহোদয়, প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের জরুরীভাবে পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করেন। মাননীয় মেয়র মহোদয় প্রস্তাবে একমত পোষন করেন। দ্রুত পদক্ষেপ গ্রহণ করে উন্নয়নের গতিধারা ফিরিয়ে আনার আশাবাদ ব্যক্ত করেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত সম্পাদন করার জন্য জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে নিবিড় সম্পন্ন রেখে এগিয়ে যাবার জন্য মাননীয় মেয়র মহোদয়, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং প্রকল্প পরিচালককে অনুরোধ জানিয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২. যেহেতু প্রকল্পটির গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ সড়ক শিরোনামে গঠন/অনুমোদন করা হয়েছে, সেহেতু সংশোধিত প্রকল্পটি যাচাই বাছাই করে নামের শিরোনামের সাথে সমন্বয় করে পুনরায় সংশোধন পূর্বক স্থানীয় সরকার বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| UDCGP (আরবান ডেভেলপমেন্ট এন্ড সিটি গর্ভানেন্স প্রকল্প<br>প্রকৌশল বিভাগের প্রতিনিধি সভাকে জানান যে, জাইকা এর আর্থিক সহায়তায় UDCGP টি বাস্তবায়নের কার্যক্রম আরম্ভ হয়েছে। ইতিমধ্যেই কনসালটেন্ট ফিল্ড পর্যায়ে উপ-প্রকল্পের সাইট পরিদর্শনপূর্বক ড্রইং এবং ডিজাইন এর কাজ শুরু করেছে। এরই অংশ হিসাবে ৪টি ড্রেনের ডিজাইন এর কাজ শুরু করেছে। এ বিষয়ে কাউন্সিলরগন আলোচনায় অংশ গ্রহণ করেন এবং Component অনুযায়ী উপ-প্রকল্পগুলির বর্ণনা দেয়ার জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হয়।<br>প্রকৌশল বিভাগের প্রতিনিধি সভাকে জানান যে, প্রকল্পটিতে প্রথম পর্যায়ে ৪টি ড্রেন এবং ২টি পানি সরবরাহের প্যাকেজ অন্তর্ভূক্ত আছে এবং পরবর্তী পর্যায়ে জয়দেবপুর রেল লাইনের উপর ফ্লাইওভার, নাওজোড় থেকে কাশিমপুর রাস্তার নদীর উপর ২ টি ব্রীজ এবং এপ্রোস রোড নির্মাণের প্যাকেজ অন্তর্ভূক্ত আছে। এছাড়াও কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ০২টি প্যাকেজ অন্তর্ভূক্ত আছে।<br>জয়দেবপুর রেল জংশনের উপর ওভার পাস নির্মাণের জন্য বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনষ্টিটিউট, তিতাস এবং বিআরটি এর নিকট থেকে অনাপত্তি গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে প্রকল্প পরিচালক এবং নিয়োগকৃত কনসালটেন্ট এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ করে দ্রুততার সাথে উপ-প্রকল্পগুলির কাজ বাস্তবায়ন করা যায় তার জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২) জয়দেবপুর রেল জংশন এর উপর ফ্লাইওভার টি কৃষি গবেষণা গেইট থেকে রথখোলা পর্যন্ত প্রায় ১০০০ মিটার দৈর্ঘ্য এবং ৫২ ফুট প্রস্থে নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয়। মুল ফ্লাইওভার এর সাথে শিমুতলীর দিকে এবং ধীরাশ্রমের দিকে একটি Ram নামানোর জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩) নাওজোড় থেকে কাশিমপুর রাস্তায় তুরাগ নদীর উপর একটি ব্রীজসহ আরো ২টি ব্রীজ এবং এপ্রোস রোড নির্মাণের এলাইনমেন্ট নির্ধারণের জন্য কনসালটেন্টকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪। বিভিন্ন দপ্তর থেকে অনাপত্তি সংগ্রহ করার বিষয়ে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানাইয়া সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| COVID 2019 এর প্রকল্পটি ওয়াল্ড ব্যাংক এর অর্থায়নে বাস্তবায়ন করা হচ্ছে। উল্লেখিত প্রকল্পের জন্য ৪টি প্যাকেজের প্রকল্প পরিচালকের অফিসে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। অনুমোদন প্রাপ্তির পর জরুরী ভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে উপস্থিত কাউন্সিলরগণ অনুরোধ করেন। | আলোচনান্তে প্রকল্প পরিচালকের অফিস থেকে অনুমোদনের পর জরুরী ভিত্তিতে টেন্ডার আহবানের জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

| | | |
|---|---|---|
| এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এর আর্থিক (এডিবি) সহায়তায় সিটি রিজিয়ন ডেভেলপমেন্ট প্রকল্প (২য় পর্যায়) নিয়ে আলোচনাঃ<br>প্রকৌশল বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, প্রকল্পটি মোট ৩টি প্যাকেজ ছিল ইতিমধ্যেই ২টি প্যাকেজের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে ১টি প্যাকেজের কাজ চলমান আছে কিন্তু কাজের গতি খুবই কম। | ১) চলমান প্যাকেজটির কাজের গতি বাড়ানোর জন্য ঠিকাদার এবং প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২) ঠিকাদারকে জুলাই/২০২৪ এর মধ্যে কাজটি বাস্তবায়নের জন্য সময় নির্ধারিত করে দেয়া হয়েছে। উল্লেখিত সময়ের মধ্যে কাজটি শেষ করতে না পারলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ওয়াল্ড ব্যাংক এর অর্থায়নে প্রকল্পঃ Integrated waste water management project for Gazipur City Corporation সম্পর্কে আলোচনাঃ<br>প্রকৌশল বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, গত ৮ নভেম্বর ২০১৮ সালে মাননীয় প্রধানমন্ত্রী গাজীপুর সিটি কর্পোরেশনকে "Integrated waste water management project for Gazipur City Corporation" শিরোনামে পিপিপিএ মডেলে প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন দেয়া হয়।<br>প্রকল্পটি Transcetion Structure Report (TSR) এর Bidding Document প্রস্তুত করার জন্য PPPA Consultant হিসাবে IFCকে নিয়োগ প্রদান করে। তারই ধারাবাহিকতায় IFC ইতিমধ্যেই TSR দাখিল করেছে এবং গাজীপুর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে ইতিমধ্যেই এর খসড়া প্রস্তুত করে RAP WB/IFC/LGD প্রেরণ করা হয়। একটির জন্য একটি STP (Sewage treatment plant) এবং ২টি FSTP নির্মাণ করার জন্য Side selection করা হয়েছে। তার একটি দত্তপাড়া ১৫ একর এবং লাগালিয়া ১০ একর জমি মোট ২৫ একর জমি অধিগ্রহণের জন্য ইতিমধ্যে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে একটি প্রায় ৪৫০ কোটি টাকা জমি অধিগ্রহণের ডিপিপি প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছিল, যাহা ইতিমধ্যে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করে Planning Commission এ PEC জন্য জমা দেয়া আছে।<br>অন্য দিকে পূর্ণাঙ্গ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রায় ২৫০০ কোটি টাকার একটি পিডিপিপি স্থানীয় সরকার থেকে অনুমোদন করে Planning Commission- এ জমা দেয়া আছে।<br>World Bank/IFC ইতিমধ্যেই RPF(Resaltment Pancy Frame Work) গাজীপুর সিটি কর্পোরেশনের দাখিল করে পরবর্তীতে গাজীপুর সিটি কর্পোরেশন RPF টি যাচাই/বাছাই করে স্থানীয় সরকার বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগ থেকে গাজীপুর সিটি কর্পোরেশনের আরপিএফ এর উপর ২টি Observation সেই Observation দুইটি include করে আরপিএফটি অনুমোদন দেয়া হয় যা বর্তমানে গাজীপুর সিটি কর্পোরেশন পরীক্ষা করা হচ্ছে। এখানে উল্লেখ্য যে, প্রকল্পটি বর্তমানে ১-৪ নং জোনে বাস্তবায়ন করা হবে। ভবিষ্যতে অন্যান্য জোনেও সম্প্রসারণ করা হবে। | ১) প্রকল্পটি পরবর্তীতে যাতে বাকী ৬টি জোনেও বাস্তবায়ন করা যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২) আরপিএফ টি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে অনুমোদন দেয়া হয়।<br>৩) প্রকল্পটি যাতে দ্রুততার সাথে বাস্তবায়নের কাজ আরম্ভ করা যায় তার জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৪) Pumping Station এর জন্য নির্ধারিত স্থানগুলি জমি সরাসরি ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

**আলোচ্যসূচী ৫ ঃ রাজস্ব বিষয়ক আলোচনাঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব এবিএম এহছানুল মামুন সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-২ শাখা স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০১৯.১৩-২০৯ তারিখ ০৪ এপ্রিল ২০২৪ এর প্রেক্ষিতে গাজীপুর সিটি কর্পোরেশন এর অধিক্ষেত্রে সকল আবাসিক, বাণিজ্যিক, শিল্প ও সরকারী প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য প্রণয়ন এবং রাজস্ব আয় বৃদ্ধিতে গুরুত্বপুর্ণ ভূমিকা পালনের নিমিত্ত ২০২৩-২৪ অর্থবছর হতে তৃতীয় পঞ্চবার্ষিকী পুনঃ মূল্যায়ন কার্যক্রম গ্রহণের অনুমতি প্রদান করা হয়েছে। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |

Scanned with CamScanner

আলোচ্যসূচী ৬ : স্বাস্থ্য বিষয়ক আলোচনা

গাজীপুর সিটি কর্পোরেশনের জোন-০১ ও ০৪ এর বিভিন্ন ওয়ার্ডে ০-২ বছরের শিশুদের ১০টি রোগের এবং ১৫-৪৯ বছর বয়সী মহিলাদের ০২টি রোগের ইপিআই টিকা বিনামূল্যে প্রদান করা হয়। নিম্নে জোন-০১ ও ০৪ এর ফেব্রুয়ারি-২০২৪খ্রি. মাসের টিকাদানের কাভারেজ প্রদান করা হলো।

| জোন নং | মাসিক লক্ষ্যমাত্রা | বিভিন্ন এন্টিজেনের হিসাব | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | বিসিজি | পেন্টা ১ম | পেন্টা ২য় | পেন্টা ৩য় | এমআর ১ম | এম আর ২য় |
| ১ | ১৬৭২ | ১৭৮৩ | ১৬৬০ | ১৮৫৪ | ১৪৮৬ | ১৭২২ | ১৭৯২ |
| ৪ | ১০২৮ | ১০২০ | ১০১১ | ১৩১২ | ৭৯৬ | ৯৩৪ | ১০২৫ |
| মোট= | ২৭০০ | ২৮০৩ | ২৬৭১ | ৩১৬৬ | ২২৮২ | ২৬৫৬ | ২৮১৭ |
| | | ১০৩.৮১% | ৯৮.৯২% | ১১৭.২৫% | ৮৪.৫১% | ৯৮.৩৭% | ১০৪.৩৩% |

| জোন নং | মাসিক লক্ষ্যমাত্রা | টিডি টিকার অর্জন | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম |
| ১ | ৬৭৩৭ | ১২৩২ | ১৪৬৮ | ১৫৫৪ | ১২৯৮ | ১২১০ |
| ৪ | ৪৩৮৬ | ৪৪২ | ৪৪২ | ৬৩৬ | ৬০৩ | ৬৩৬ |
| মোট= | ১১১২৩ | ১৬৭৪ | ১৯১০ | ২১৯০ | ১৯০১ | ১৮৪৬ |
| | ৮৫.৫৯% | | | | | |

আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট ২য় পর্যায়ের মাধ্যমে গাজীপুর সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ৩টি পার্টনার এনজিও কর্তৃক পরিচালিত ৩টি নগর মাতৃসদন ও ৭টি নগর স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান অব্যাহত রয়েছে। গত মার্চ-২০২৪ মাসের মোট ১০০৫২ জনকে এই ১০টি হাসপাতালের মাধ্যমে সেবা প্রদান করা হয়, ১৭২ জন মহিলার ডেলিভারী সেবা প্রদানের পাশাপাশি ১৫৬১ জনকে সম্পূর্ণ বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়।

আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট ২য় পর্যায় গাজীপুর সিটি কর্পোরেশন এর ০৮টি জোনে ০৩টি নগর মাতৃসদন ও ০৭টি নগর স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে প্রদত্ত স্বাস্থ্য সেবা সমূহের মার্চ ২০২৪ মাসের রিপোর্ট

| ক্রমিক নং | পার্টনার এনজিওর নাম | মোট সেবা গ্রহিতা রোগীর সংখ্যা (জন) | সিজারিয়ান সেকশন সেবা গ্রহিতা রোগীর সংখ্যা (জন) | স্বাভাবিক প্রসব সেবা গ্রহিতা রোগীর সংখ্যা (জন) | বিনা মূল্যে সেবা গ্রহিতা রোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১. | এফপিএবি, পিএ-০১ | ৩৯৬০ | ৪৬ | ১১ | ৭১৫ |
| ০২. | ইউটিপিএস, পিএ-০২ | ২৮৮৬ | ৩২ | ২১ | ৪২০ |
| ০৩. | পিএসকেপি এন্ড পিপিএস পিএ-০৩ | ৩৭১৯ | ২৮ | ২০ | ১৫৭০ |
| | মোট | ১০৫৬৫ | ১০৬ | ৫২ | ২৮০৫ |

আলোচ্যসূচী -৭ ঃ বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| ক) গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জনাব মোঃ সোহেল রানা সভায় জানান যে, পবিত্র ঈদ-উল-আযহা/২৪ উপলক্ষে গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় কোরবানীর পশু জবেহর পর উচ্ছিষ্টাংশ বর্জ্য জরুরী ভিত্তিতে সংগ্রহ ও অপসারণ করার জন্য আমাদের নিজস্ব শ্রমিকের স্বল্পতার কারণে জনস্বার্থে অতিরিক্ত শ্রমিক নিয়োগ করা প্রয়োজন।<br>খ) গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় প্রতিটি ওয়ার্ডে কোরবানীর পশু জবেহর স্থানে এবং দুর্গন্ধজনিত স্থানে ছিটানোর জন্য ওয়ার্ড ভিত্তিক ব্লিচিং পাউডার বিতরণের জন্য ও সিটি কর্পোরেশন এর নিজস্ব শ্রমিক কর্তৃক ছিটানোর জন্য ব্লিচিং পাউডার ক্রয় করা প্রয়োজন।<br>গ) সিটি কর্পোরেশন এলাকায় প্রতিটি ওয়ার্ডে কোরবানির পশু জবেহর পর এর উচ্ছিষ্টাংশ একত্র করে পলি বস্তায় রাখার জন্য ওয়ার্ড ভিত্তিক বিতরণের জন্য পলি বস্তা ক্রয় করা প্রয়োজন<br>ঘ) পবিত্র ঈদ-উল-আযহা/২৪ উপলক্ষে পরিস্কার পরিচ্ছন্নতা কাজে ব্যবহারের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয়<br>ঙ) ঈদ-উল- আযহা উপলক্ষে সিটি কর্পোরেশন এলাকায় কোরবানীর পশু জবেহর কারণে উৎপাদিত বর্জ্যের পরিমান তূলনামুলক ভাবে অতিরিক্ত হওয়ায় আমাদের নিজস্ব যানবাহনের স্বল্পতার কারণে বাহির থেকে (ভাড়া প্রদানকারী প্রতিষ্ঠান থেকে) প্রয়োজন অনুযায়ী জরুরী ভিত্তিতে বর্জ্য অপসারণ করার জন্য যানবাহন ভাড়া নেয়া প্রয়োজন হবে<br>চ) পরিচ্ছন্ন কর্মীদেরকে কোরবানীর গোস্ত বিতরণের জন্য কোরবানীর পশু ক্রয় করা প্রয়োজন। সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। | আলোচনান্তে গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় কোরবানীর বর্জ্য অপসারণ কাজে<br>ক) অতিরিক্ত শ্রমিক নিয়োগ,<br>খ) ব্লিচিং পাউডার ক্রয়,<br>গ) পলি বস্তা ক্রয়,<br>ঘ) প্রয়োজনীয় মালামাল ক্রয়,<br>ঙ) যানবাহন ভাড়া এবং<br>চ) পরিচ্ছন্ন কর্মীদের জন্য কোরবানীর পশু ক্রয় করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী -৮ ঃ সম্পত্তি বিষয়ে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান সম্পত্তি কর্মকর্তা জনাব নমিতা দে সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় বিভিন্ন ব্যক্তিগত জমি পরিমাপের জন্য সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র বরাবর আবেদন করে থাকে। আবেদনে মাননীয় মেয়র মহোদয় ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। কিন্তু সিটি কর্পোরেশনের ব্যক্তিগত জমি পরিমাপের জন্য কোন নির্দেশনা নাই। ইতোপূর্বে সাবেক গাজীপুর পৌরসভার আমলে এবং সিটি কর্পোরেশনের প্রতিষ্ঠালগ্নে নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ব্যক্তিগত জমি পরিমাপ করা হতো। সিটি কর্পোরেশনের প্রতিটি অঞ্চলে নিয়োগকৃত সার্ভেয়ার রয়েছে বিধায় রাজস্ব বৃদ্ধির স্বার্থে সার্ভেয়ার দ্বারা সর্বনিম্ন ফি ৩০০০/- (তিন হাজার) ও ভ্যাট, আয়করের টাকা পরিশোধ সাপেক্ষে আবেদনের প্রেক্ষিতে ব্যক্তিগত জমি পরিমাপ করার জন্য সুপারিশ করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সুপারিশকৃত সিটি কর্পোরেশনের রাজস্ব বৃদ্ধির স্বার্থে সার্ভেয়ার দ্বারা ব্যক্তিগত জমি পরিমাপের বিষয়ে সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সম্পত্তি বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

আলোচ্যসূচী -০৯ : বিবিধ বিষয়ক আলোচনা

| | | |
|---|---|---|
| বিবিধঃ ১<br>সভাপতির অনুমতিক্রমে ৪২নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব আলহাজ্ব মোঃ সুলতান উদ্দিন আহমেদ তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি জানান যে, প্রতি ওয়ার্ডে ৫/৬ টি ঈদগাহ্ প্যান্ডেল হয়। প্রতি ওয়ার্ডে বরাদ্দ দিলে ভাগ করে নিবেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে প্রতি ওয়ার্ডে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে সিটির ব্যানারে একটি করে ঈদগাহ্ প্যান্ডেল নির্মাণ, সেন্টার ভিত্তিক থোক বরাদ্দ প্রদান এবং ঐতিহাসিক রাজবাড়ী মাঠের ঈদগাহ্ প্যান্ডেলের বরাদ্দ এবং আঞ্চলিক বড় মাঠে বরাদ্দ বেশী প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন। |
| **বিবিধ:২ঃ** সভাপতির অনুমতিক্রমে ৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব সেলিম রহমান তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, অঞ্চলে যে সমস্ত ওয়ার্ডে খেলার মাঠ নেই, কবরস্থান নেই সে সব ওয়ার্ডে খেলার মাঠ ও কবরস্থান নির্মাণের অনুরোধ করেন | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে খেলার মাঠ ও কবরস্থান নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয় | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন। |
| বিবিধঃ৩ সভাপতির অনুমতিক্রমে ৪৬নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ নূরুল ইসলাম তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, ৪৬ নং ওয়ার্ডে কবরস্থান অনেক পূর্ব থেকেই ছিল। উক্ত কবরস্থানের একটা বড় অংশ অবৈধ দখলদারদের দখলে ছিল। এলাকাবাসী উক্ত কবরস্থান দখল মুক্ত করতে সহযোগীতা করবে। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত কবরস্থানটি অবৈধ দখলদারদের নিকট দখলমুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয় | |
| বিবিধ-৪ঃ সভাপতির অনুমতিক্রমে ৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ কাউসার আহমেদ তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, সিটি কর্পোরেশনের অনুদান পেলে ৭ নং ওয়ার্ডের খেলার মাঠ, কবরস্থানসহ আরো স্থানীয় অফিসের কাজগুলো দ্রুত করা সম্ভব হবে। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে খেলার মাঠ, কবরস্থান ইত্যাদির কাজ দ্রুত করার সিদ্ধান্ত গৃহিত হয় | |
| বিবিধ-৫ঃ সভাপতির অনুমতিক্রমে ৩৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মনিরুজ্জামান তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, ৩৮ নং ওয়ার্ডে একটি কবরস্থান আছে। উক্ত কবরস্থানের উন্নয়ন করার অনুরোধ করেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত কবরস্থানের উন্নয়ন করার সিদ্ধান্ত গৃহিত হয় | |
| বিবিধ ৬ ঃ সভাপতির অনুমতিক্রমে সংরক্ষিত ১নং আসনের কাউন্সিলর জনাব পারভীন আক্তার তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, ১ টি মাত্র ঈদগাঁ মাঠ। ঈদগাহ্ মাঠের জন্য কোন বরাদ্দ পাননি। নিজ অর্থায়নে ঈদগাহ মাঠ নির্মান করেন। এটা যেন সিটি কর্পোরেশন থেকে বরাদ্দ দেয়া হয়। ১নং ওয়ার্ডে কোন কবরস্থান নেই। একটি মাত্র শিক্ষা প্রতিষ্ঠান আছে। পানিশাইল বিভিন্ন গার্মেন্টস এলাকায় টাকার অভাবে ছেলে-মেয়েদের লেখাপড়া করাইতে পারে না। সিটি কর্পোরেশনের পক্ষ থেকে একটি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করলে ভালো হতো । এছাড়া খাস জমিতে কবরস্থান, অবকাঠামো নির্মাণের জন্য জেলা প্রশাসক মহোদয়কে মিটিংয়ে দাওয়াত দেয়ার জন্য অনুরোধ করেন। গণকবরস্থান এবং ঈদগাহ্ মাঠ বড় করার জন্যও অনুরোধ করেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত ঈদগাহ্ মাঠ এবং কবরস্থানের উন্নয়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| বিবিধঃ০৭ সভাপতির অনুমতিক্রমে ১২নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব আব্বাস উদ্দিন তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, প্রতিটি ওয়ার্ডে কবরস্থান, ধর্মীয় প্রতিষ্ঠান, ঈদগাঁ মাঠ এবং শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণের অনুরোধ করেন এবং ১২নং ওয়ার্ডে জমি বরাদ্দ দিয়ে হাইস্কুল নির্মাণ করার জন্যও অনুরোধ করেন | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধঃ সভাপতির অনুমতিক্রমে ৯নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব শফিকুল আমিন তপন তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, ফ্লাইভারের নীচে ময়লার ভাগার তৈরী করা হয়েছে। ময়লা অপসারণের অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃতি হয়। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধঃ ১০ সভাপতির অনুমতিক্রমে ৪৯নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আমির হোসাইন তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, ৪৯ নং ওয়ার্ডটি অবহেলিত। তার ওয়ার্ডের সীমানা নির্ধারণ করার জন্য অনুরোধ করেন। তার ওয়ার্ডের পাশে খাস জমি আছে। ঐ জমি উদ্ধার করতে পারলে সেখানে খেলার মাঠ তৈরী করা সম্ভব হবে। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃতি হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধঃ ১১ সভাপতির অনুমতিক্রমে ৫৪নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব বিল্লাল হোসেন তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে ৫৭টি ওয়ার্ডের মধ্যে সবচেয়ে জনবহুল ওয়ার্ড হচ্ছে ৫৪ নং ওয়ার্ড। সেখানে কঞ্জারভেন্সি শ্রমিক ৬ জন। ৪০ কিলোমিটার ড্রেনের জন্য ২৫ জন শ্রমিক প্রয়োজন। ২/৩ টি খাস জমি আছে সেখানে ময়লা আবর্জনায় জলাশয় ভরে গেছে। সেখানে একটি দিঘি আছে ওয়াকওয়ে নির্মাণ করার জন্যও অনুরোধ করেন। আরেকটি দিঘী আছে সেখানে ভরাট করে সুন্দর, দৃষ্টি নান্দনিক কবরস্থান নির্মাণ করার অনুরোধ করে। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন। |
| বিবিধ ঃ ১২ঃ সভাপতির অনুমতিক্রমে ৪৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ হেলাল উদ্দিন তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, তার ওয়ার্ডে বিগত ৫ বৎসরে একটি ড্রেনও পরিস্কার করা হয়নি। তিনি আরো বলেন গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষের রাস্তা ৬ ফুট প্ল্যান দিচ্ছে ৩৬ ফুট কে বাস্তবায়ন করবে। কোন উন্নয়ন মূলক কাজ করতে হলে কাউন্সিলরদের নিকট থেকে ছাড়পত্র নিতে হবে। ৪৭নং ওয়ার্ডে তিনটি পানির পাম্প বন্ধ আছে তিনি দ্রুত মেরামতের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধ ঃ ১৩ সভাপতির অনুমতিক্রমে ২১নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ দেলোয়ার হোসেন বাদল তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি রোভার পল্লী শিক্ষা পরিবার, বিশ্ববিদ্যালয় , হাই স্কুল এবং প্রাথমিক বিদ্যালয়ের পক্ষ থেকে ধন্যবাদ জানান। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| বিবিধঃ ১৪ সভাপতির অনুমতিক্রমে ৪০নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব কে.এম. নজরুল ইসলাম তিনি তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, বর্ষকালে রাস্তা ঘাট ক্ষতি গ্রস্থ হওয়ার ফলে জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য স্টে কেয়ার রাখার অনুরোধ করেন। এছাড়া ইছালী এলাকার বেলাই বিলের পানি নষ্ট হয়নি ২ টি ওয়াটার ট্রিটমেন প্লান রাখার জন্য অনুরোধ করেন। টিসিবির পণ্য বরাদ্দ পাওয়ার জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করায় সকলকে ধন্যবাদ জানান এবং ৪০নং ওয়ার্ডে কবরস্থান নির্মাণ করার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাতে বর্ণিত বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধঃ ১৫ সভাপতির অনুমতিক্রমে ১৩নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ খোরশেদ আলম সরকার তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, সেকেন্ডারী ডাম্পিং প্রতি ওয়ার্ডে করা প্রয়োজন। ট্যাক্সের সার্ভে প্রতি বাড়ী বাড়ীতে করছে। ফ্যাক্টরীতে সার্ভে করতে যাবে কিনা জানতে চান। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাতে বাড়ী বাড়ী, ফ্যাক্টরী, সরকার ও বেসরকারী প্রতিষ্ঠানেও সার্ভে করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | রাজস্ব বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধঃ ১৬ সভাপতির অনুমতিক্রমে ৩৯নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মাসুদুল হাসান বিল্লাল তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, ঢাকা-ময়মনসিংহ রোডের অবস্থা খুবই করুন ছিল যানযটের কারণে। সুকুন্দির বাগ থেকে রেল লাইন রাস্তাটি নির্মাণ করার জন্য দীঘ ৯৭ দিনের কঠোর পরিশ্রমের ফলে বনমালা ও নিমতলী রাস্তা নির্মাণ করা হয়। কিন্তু আগে পাশের ঘরবাড়ী, ৩টি কবরস্থান সরিয়ে পরিবার গুলো রাস্তার জন্য জমি দিয়েছে । মেয়র মহোদয় বলেছেন তাদের পূর্ণবাসন করবেন কিন্তু মেয়র মহোদয় তখন পারেননি। এ রাস্তা দিয়ে অনেক নামী দামী ব্যক্তিগণ চলাচল করেন। মানবিক কারণে সিটির পক্ষ থেকে ঐ পরিবারগুলোকে পূর্ণবাসনের জন্য অনুরোধ করেন। বর্ষা মৌসুম শুরুর পূর্বে ড্রেন পরিস্কার করারও অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাতে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে মোবাইল টিম গঠনের মাধ্যমে ড্রেন পরিস্কার করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| বিবিধঃ ১৭ সভাপতির অনুমতিক্রমে ২২নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ সবদের হাসান ও ৩০নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আনোয়ার হোসেন সরকার তৃতীয় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তারা জানান যে, বিভিন্ন ভাঙ্গা রাস্তা মেরামত, বিভিন্ন রাস্তায় যাতে ভারী যানবাহন প্রবেশ করতে না পারে সেজন্য গেইট নির্মাণ করা, ২২নং ওয়ার্ডের বিভিন্ন রাস্তা ও ৩০নং ওয়ার্ডের বিভিন্ন রাস্তা এবং কানাইয়া-বালুচাকুলী উত্তর পাশ কানাইয়া রাস্তা নিমার্ণের প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ ও বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন। |
| বিবিধঃ ১৮ মাননীয় মেয়র মহোদয় সভায় উল্লেখ করেন যে, গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত (রাস্তা ও ড্রেন) অবকাঠামো উন্নয়ন প্রকল্পটির মেয়াদ ০৩ (তিন) বার বৃদ্ধি করা হয়েছে এবং সর্বশেষ সময় জুন/২০২৪। তবে প্রকল্পটি সরকারের সমাপ্ত প্রকল্পের তালিকায় রয়েছে। এ কারণে প্রকল্পটি জুন/২০২৪ এর মধ্যেই শেষ করতে হবে। এই প্রকল্পের অনুকূলে ২(দুই)জন প্রকল্প পরিচালক ইতিমধ্যেই পিআরএল এ চলে গিয়েছে। বর্তমানে ১(এক) জন প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার বিভাগ থেকে জুন/২০২৪ পর্যন্ত নিয়োগ দেয়া হয়েছে। প্রকল্প পরিচালক স্বল্প সময়ের মধ্যে এতগুলো প্যাকেজ সমাপ্তির বিষয়ে অকেবহাল নয়। এমতাবস্থায়, প্রকল্পের প্যাকেজ গুলি সরেজমিনে পরিদর্শনপূর্বক সমাপ্ত করার প্রয়োজন। সুতরাং এ প্রকল্পটির পিআরএল যাওয়ার মূল প্রকল্প পরিচালক জনাব মোঃ নূরুল আমিন ভূইয়াকে এবং ১৫১০ এর নিয়োগকৃত কনসালটেন্ট গ্লোবাল ইঞ্জিনিয়ারিং এন্ড প্লানারস কনসালটেন্টের সংশ্লিষ্ট প্রকৌশলীদের এ প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব হিসেবে ০৩(তিন) মাসের জন্য সহযোগিতা করার অনুরোধ যায়। উল্লেখ্য যে, ১৫১০ এর কনসালটেন্ট প্রকল্পটি সমাপ্তির জন্য অতিরিক্ত দায়িত্ব পালন করিবে কিন্তু কোন আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না। অন্যদিকে প্রকল্পের মূল প্রকল্প পরিচালক (অবসরপ্রাপ্ত) জনাব মোঃ নূরুল আমিন ভূইয়াকে ০৩(তিন) মাসের জন্য Individual Consultant হিসেবে নিয়োগ দেয়া যেতে পারে। | ০১) গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫নং জোনের রাস্তা ড্রেন ও ফুটপাত নির্মাণ শীর্ষক প্রকল্পের নিয়োগকৃত কনসালটেন্টকে গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো (রাস্তা ও ড্রেন) নির্মাণ শীর্ষক প্রকল্পটি সমাপ্তির জন্য প্রয়োজনীয় সহযোগিতা করবে এতে উক্ত প্রতিষ্ঠানকে কোন আর্থিক সুবিধা দেয়া হবে না।<br><br>২) অবসরপ্রাপ্ত উক্ত প্রকল্পের সাবেক প্রকল্প পরিচালক জনাব মোঃ নূরুল আমিন ভূইয়াকে Individual Consultant হিসাবে ০৩(তিন) মাসের জন্য নিয়োগ দেয়া যেতে পারে। উক্ত ০৩(তিন) মাস তাকে তার সর্বশেষ আহরিত সর্বসাকুল্যে প্রাপ্য বেতন প্রদানের সিদ্ধান্ত গৃহিত হল। | |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| **বিবিধঃ** ১৯ সভায় ৫(পাঁচ) জন আইন কর্মকর্তা, ১ (এক) জন অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং ২(দুই) জন প্রকৌশলীসহ মোট ১০(দশ) জন নিয়োগের আলোচনা করা হয়। মাননীয় মন্ত্রী মহোদয়ের সুপারিশ ও দিক নির্দেশনা মোতাবেক স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সুপারিশক্রমে এ নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসন শাখা |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জায়েদা খাতুন
মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন

বিতরণ ঃ কাউন্সিলর (সকল)
গাজীপুর সিটি কর্পোরেশন
গাজীপুর

কার্যবিবরণী স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.০৬.০০১.২২.১৭৭৭/১(১০০)

তারিখ ২১ চৈত্র ১৪৩০
০৪ এপ্রিল ২০২৪

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন,গাজীপুর
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
৪. মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. শাখা প্রধান (সকল) গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
৭. জনাব ..................................................................
৮. অফিস কপি।

০৪/০৪/২০২৪

সচিব
গাজীপুর সিটি কর্পোরেশন

Scanned with CamScanner